

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নং- ১৩.০৫.৪৪১৯.০০৫.৪৫.০৮১.২১.২১৩

তারিখঃ ১১/০৫/২০২২ খ্রিঃ।

উপজেলা সংগ্রহ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব এস.এম. শাহীন,  
উপজেলা নির্বাহী অফিসার,  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসার ঝিনাইদহ সদর ঐর অফিস কক্ষ।  
তারিখ ও সময়ঃ ১১/০৫/২০২২ খ্রিঃ, সকাল ১১.০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা আলাদা ভাবে সংরক্ষণ করা হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি চলতি বোরো সংগ্রহ-২০২২ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব তথা উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করেন। অতঃপর কমিটির সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঝিনাইদহ সদর, খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১৯/০৪/২০২২ খ্রিঃ তারিখের ৭২ নং স্মারক ও ২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখের ৭৪ নং স্মারকের বরাদ্দাদেশ এবং জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির ০৯/০৫/২০২২ খ্রিঃ তারিখের ১০২১ নং স্মারকের কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। তিনি জানান চলতি বোরো সংগ্রহ মৌসুমে ঝিনাইদহ সদর উপজেলায় ৩১৮৩ মেঃটন ধান ও ১২৩৪০ মেঃটন চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ২৭ (সাতাশ) টাকা এবং প্রতিকেজি চালের সংগ্রহ মূল্য ৪০(চল্লিশ) টাকা। ধান সংগ্রহের সময়সীমা ২৮/০৪/২০২২ খ্রিঃ তারিখ শুরু হয়ে ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে এবং চাল সংগ্রহের সময়সীমা ০৭/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে শুরু হয়ে চলবে আগামী ৩১/০৮/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত। চাল সংগ্রহের জন্য মিল মালিকগণ খাদ্যশস্য সংগ্রহ ও বিতরণ ব্যবস্থাপনা সিস্টেম (FPS) সফটওয়্যার এর মাধ্যমে আবেদন করছেন। চালকল মালিকদের সাথে চুক্তির সময়সীমা আগামী ১৬/০৫/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত। এপর্যায়ে ধান সংগ্রহের জন্য এ্যাপস এর মাধ্যমে আবেদনকারি কৃষকদের মধ্যে সফটওয়্যারে লটারি সম্পন্ন করা হয়। পৌরসভাসহ ১৭টি ইউনিয়নে মোট ১০৫৯ জন কৃষক লটারিতে এ মৌসুমে সরকারী খাদ্য গুদামে ধান সরবরাহের জন্য নির্বাচিত হয়েছেন।

সভায় বিস্তারিত আলোচনার পর ধান ও চাল সংগ্রহ অভিযান/২০২২ সফল করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হলোঃ

- ০১) সংগ্রহ নীতিমালা অনুযায়ী সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ০২) কোন ভাবেই বিনির্দেশ বহির্ভূত ধান/চাল সংগ্রহ করা যাবে না।
- ০৩) ধান/চাল সংগ্রহের ক্ষেত্রে কোন প্রকার প্রতিবন্ধকতা দেখা দিলে তাৎক্ষণিকভাবে উপজেলা কমিটিকে অবহিত করতে হবে।
- ০৪) ধান সংগ্রহের ক্ষেত্রে কৃষক যাতে হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।
- ০৫) প্রতিটি ক্রয় কেন্দ্রে যথাযথ লোকবল, আদ্রতামাপক যন্ত্র, ত্রিপল, খালি বস্তা ইত্যাদি মজুদ রাখতে হবে। চালের বিনির্দেশ সম্পর্কে মিলারগণকে যথাযথ ভাবে অবহিত করতে হবে। এ ছাড়া প্রতি ক্রয় কেন্দ্রে সর্বসাধারণের দৃশ্যমান জায়গায় দৈর্ঘ্য X প্রস্থ = ২ মিটার X ১.৫ মিটার সাইজের হলুদ বোর্ডে লাল অক্ষরে প্লাস্টিক রং দিয়ে লেখা সাইনবোর্ড টাংগিয়ে বোরো চাল এবং ধানের বিনির্দেশ ও সংগ্রহ মূল্য সুষ্টভাবে প্রচারের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ০৬) জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের লক্ষ্যে উপস্থিত সম্মানিত সদস্যগণ একমত পোষণ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এস. এম. শাহীন)  
উপজেলা নির্বাহী অফিসার,  
ঝিনাইদহ সদর

ও

সভাপতি  
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নং- ১৩.০৫.৪৪১৯.০০৫.৪৫.০৮১.২১.২১৩

তারিখঃ ১১/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, বিনাইদহ-২ ও উপদেষ্টা, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, বিনাইদহ সদর ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ০৩। উপজেলা কৃষি অফিসার, বিনাইদহ সদর ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ০৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিনাইদহ সদর ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিনাইদহ সদর ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ০৬। জনাব মোঃ শফি উদ্দিন আহমেদ, কৃষক প্রতিনিধি ও সদস্য, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি।
- ০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা বিনাইদহ সদর খাদ্য গুদাম/ হাটগোপালপুর খাদ্য গুদাম।
- ০৮। দপ্তর নথি।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
বিনাইদহ সদর, বিনাইদহ।